

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দুশ্চিন্তা, মুসীবত, রোগ ও মৃত্যু রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-ক্লাহত্বানী

৩৫. দুর্দশাগ্রস্ত ব্যক্তির দো'আ

122-(1) «لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ، لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ، لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ رَبُّ السَّمَوَاتِ وَرَبُّ الْعَرْشِ الْكَرِيمِ».

(লা ইলা-হা ইল্লাল্লা-হুল 'আযীমূল হালীম। লা ইলা-হা ইল্লাল্লা-হু রব্বুল 'আরশিল 'আযীম। লা ইলাহা ইল্লাল্লা-হু রব্বুস সামা-ওয়া-তি ওয়া রব্বুল আরদ্বি ওয়া রব্বুল 'আরশিল কারীম)।

১২২-(১) "আল্লাহ ছাড়া কোনো হক ইলাহ নেই, তিনি মহান ও সহিষ্ণু। 'আল্লাহ ছাড়া কোনো হক ইলাহ নেই, তিনি মহান আরশের রবা। আল্লাহ ছাড়া কোনো হক ইলাহ নেই, তিনি আসমানসমূহের রবা, যমীনের রবা এবং সম্মানিত আরশের রবা।"[1]

. ﴿اللَّهُمَّ رَحْمَتَكَ أَرْجُو، فَلاَ تَكِلْنِي إِلَى نَفْسِي طَرْفَةَ عَيْنٍ، وَأَصْلِحْ لِي شَأْنِي كُلَّهُ، لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ﴾. (আল্লা-হুম্মা রহ্মাতাকা আরজু ফালা তাকিলনী ইলা নাফসী ত্বারফাতা 'আইন, ওয়া আসলিহ্ লী শা'নি কুল্লাহু, লা ইলা-হা ইল্লা আনতা)।

১২৩-(২) "হে আল্লাহ! আমি আপনার রহমতেরই আশা করি। তাই আপনি এক নিমেষের জন্যও আমাকে আমার নিজের কাছে সোপর্দ করবেন না। আপনি আমার সার্বিক বিষয়াদি সংশোধন করে দিন। আপনি ছাড়া কোনো হক্ব ইলাহ নেই।"[2]

124-(3) «لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّى كُنْتُ مِنَ الظَّالِمِينَ».

(লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নী কুনতু মিনায-যা-লিমীন)।

১২৪-(৩) "আপনি ছাড়া কোনো হক ইলাহ নেই, আপনি পবিত্ৰ-মহান, নিশ্চয় আমি যালেমদের অন্তর্ভুক্ত।"[3] دَاللَّهُ اللَّهُ رَبِّي لاَ أُشْرِكُ بِهِ شَيْئًا». (4)—125

(আল্লাহু আল্লাহু, রব্বী, লা উশরিকু বিহী শাই'আন)।

১২৫-(৪) "আল্লাহ! আল্লাহ! (তিনি) আমার রব্ব! আমি তাঁর সাথে কোনো কিছু শরীক করি না।"[4]

ফুটনোট

- [1] বুখারী, (ফাতহুল বারীসহ) ৭/১৫৪, নং ৬৩৪৫; মুসলিম ৪/২০৯২, নং ২৭৩০।
- [2] আবূ দাউদ, ৪/৩২৪, নং ৫০৯০; আহমাদ ৫/৪২, নং ২০৪৩০। আর শাইখ আলবানী সহীহ আবি দাউদ গ্রন্থে



৩/৯৫৯ এটাকে হাসান হাদীস বলেছেন।

- [3] তিরমিয়ী ৫/৫২৯, নং ৩৫০৫; হাকেম এবং তিনি একে সহীহ বলেছেন, যাহাবী সেটা সমর্থন করেছেন, ১/৫০৫। আরও দেখুন, সহীহুত তিরমিয়ী, ৩/১৬৮।
- [4] হাদীসটি সংকলন করেছেন, আবূদাউদ, ২/৮৭, নং ১৫২৫; ইবন মাজাহ্, নং ৩৮৮২। আরও দেখুন, সহীহ ইবন মাজাহ্, ২/৩৩৫।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=951

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন